

স্মারক: পিবিপ্রবি/ রেজিস্ট্রার দপ্তর/GST ভর্তি (২০২৫-২০২৬)/৭৩০

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রাথমিক ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ৪র্থ পর্যায়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নের লক্ষ্যে আগামী ০৪/০৭/২০২৬ খ্রি. হতে ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে GST ওয়েবসাইটের (<https://gstadmission.ac.bd/>) মাধ্যমে প্রাথমিক ভর্তি ফি (৫০০০/- টাকা) জমা প্রদান করতঃ নিকটবর্তী GST গুচ্ছভুক্ত যে কোন বিশ্ববিদ্যালয়ে এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসমূহ (মার্কশিট) আগামী ০৪/০৭/২০২৬ খ্রি. তারিখ হতে ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে। যে সকল শিক্ষার্থী পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে প্রাথমিক ভর্তির মূল কাগজপত্র জমা দিতে ইচ্ছুক, তাদেরকে নিম্নোক্ত সময়সূচী ও স্থান অনুযায়ী নির্দেশনাসমূহ পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভর্তি ও কাগজপত্র জমার সময়সূচী :

কাগজপত্র জমার তারিখ ও সময়	ইউনিট	কাগজপত্র জমা দেওয়ার স্থান
০৪/০৭/২০২৬ খ্রি. হতে ০৫/০৭/২০২৬ খ্রি. প্রতিদিন সকাল ১০ : ০০ টা থেকে বিকাল ০৩ : ০০ টা পর্যন্ত	A (বিজ্ঞান) ইউনিট	ডিন এর কার্যালয় (কক্ষ নং-২০১), বিজ্ঞান অনুষদ, ২য় তলা, একাডেমিক ভবন।
	B (মানবিক) ইউনিট	
	C (ব্যবসায় শিক্ষা) ইউনিট	

প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকালীন গুরুত্বপূর্ণ ও সতর্কতামূলক নির্দেশনাসমূহ :

- শিক্ষার্থীদেরকে একটি A4 সাইজ খামের উপরে শিক্ষার্থীর নাম, GST রোল নম্বর, ইউনিট, মেরিট পজিশন এবং ভর্তিচ্ছু বিষয়ের নাম লিখে এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসমূহ (মার্কশিট) জমা দিতে হবে।
- পছন্দক্রমে অন্তর্ভুক্ত যে কোনো বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST-গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না। কোটায় ভর্তির জন্যও এই নিয়ম প্রযোজ্য হবে।
- অনলাইনে প্রাথমিক ভর্তি ফি ৫,০০০.০০ টাকা পরিশোধের পরেও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র সশরীরে জমা দিতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে GST-এর কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না।
- কোনো আবেদনকারী স্বেচ্ছায় প্রাথমিক ভর্তি বাতিল করলে পরবর্তীতে GST-এর কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না।
- প্রাথমিক ভর্তি প্রক্রিয়া চলাকালে কোনো একটি বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট বিভাগে ভর্তি থাকা অবস্থায় একবার স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ (Stop Migration) করলে পুনরায় স্বয়ংক্রিয় মাইগ্রেশন চালু করা কোনোভাবেই সম্ভব নয়।
- ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ GST ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এ যথাসময়ে পাওয়া যাবে।

স্বাক্ষরিত /-

(ড. আকতার হোসেন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়